



## পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়: বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ ৩৫,৫০০-৬৭,০১০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারের ০২টি হোমিও মেডিকেল অফিসারের শূন্য পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীকে বি.এইচ.এম.এস পাশ এবং স্বাস্থ্য অধিদপ্তরের রেজিস্ট্রেশনপ্রাপ্ত হতে হবে। প্রার্থীকে চিকিৎসা কেন্দ্রে বা অনুরূপ প্রতিষ্ঠানে অন্ততঃ ৩ (তিন) বছরের কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/গ্রেড/সমমান সিজিপিএ গ্রহণযোগ্য নয়। হোমিও মেডিকেল অফিসার পদের যোগ্যপ্রার্থী পাওয়া না গেলে হোমিও সহকারি মেডিকেল অফিসার হিসেবে নিয়োগ করা যেতে পারে। তবে হোমিও চিকিৎসায় ১০ (দশ) বছরের অধিক বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল যোগ্য।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল পরীক্ষা পাশের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) প্রস্থ দরখাস্ত আগামী ০২-১২-২০১৮ তারিখের মধ্যে রেজিস্ট্রারের নিকট পৌঁছাতে হবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।

  
১১/১১/১৮